

• Welcome to online application for diagnostic center registration website of DGHS

• সতর্কতা

• এই সাইটের কোনরূপ প্রতারণামূলক ব্যবহার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ অথবা প্রচলিত অন্যান্য প্রযোজ্য আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে।

• সাধারণ নির্দেশনা সমূহ:

- প্রথমে আপনার প্রতিষ্ঠানের নামে একটি একাউন্ট তৈরি করুন। একাউন্ট তৈরি হয়ে গেলে স্বয়ংক্রিয় ভাবে আপনার মোবাইল নম্বরে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত একটি এসএমএস যাবে। এই রেজিস্ট্রেশন নম্বরটি ব্যবহার করে আপনার একাউন্টটি চালু করুন।
- পরবর্তী কাজের জন্য ব্যবহৃত ইমেইল ও পাসওয়ার্ডটি সংরক্ষণ করুন।
- তারকা (*) চিহ্নিত ক্ষেত্রগুলো সহ অন্যান্য ফিল্ডগুলো সঠিকভাবে পূরণ করুন এবং 'Save' বাটনে ক্লিক করুন। সবগুলো তথ্য যথাযথ ভাবে পূরণ হয়ে গেলে 'Complete' ট্যাবে ক্লিক করে 'Final Submit' বাটনে ক্লিক করুন। একবার 'Final Submit' বাটনে ক্লিক করলে আর কোন তথ্য পরিবর্তনের সুযোগ থাকবে না।
- আবেদন সাবমিটের পর আবেদনটি প্রিন্ট করে আপনার প্রতিষ্ঠানে সংরক্ষণ করুন।

• বিশেষ নির্দেশনা সমূহ:

- সকল চিকিৎসকগণের বিএমডিসি নম্বর ব্যবহারের ক্ষেত্রে শুধু মাত্র গানিতিক সংখ্যা ইংরেজীতে (Example: 12345) ব্যবহার করুন।
- Payment Info- তে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী পুনঃনির্ধারিত লাইসেন্স/নবায়ন ফি এবং সরকারি নির্দেশনা মোতাবেক উক্ত ফি এর ১৫% ভ্যাট আলাদা চালান ফরমে পরিশোধ পূর্বক তথ্য দিন।
- Upload পেজে মালিকগণের জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন (নতুন প্রতিষ্ঠান)/আয়কর প্রত্যয়ন পত্র (পুরাতন প্রতিষ্ঠান), ভ্যাট রেজিঃ নম্বর, পরিবেশ ছাড়পত্র, নারকোটিক পারমিট (প্রযোজ্য ক্ষেত্রে), বর্জ্য ব্যবস্থাপনা (ক্ষতিকর ও অক্ষতিকর) চুক্তিপত্র ও চালানোর স্ক্যান কপি আপলোড করুন।
- নিম্নোক্ত কাগজপত্র (সত্যায়িত) সংযোজন করে একটি বই প্রস্তুত করে আপনার প্রতিষ্ঠানে সংরক্ষণ করুন। যা পরিদর্শনকালে নিরীক্ষা করা হবে:-
 - বর্তমানে চালু পরীক্ষা-নিরীক্ষার তালিকা
 - বিশেষজ্ঞ চিকিৎসকের নাম, ঠিকানা, ছবি, বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন, বিশেষজ্ঞ সনদ, নিয়োগ ও যোগদান/সম্মতি পত্র
 - রিপোর্ট প্রদানকারীর নাম, ঠিকানা, ছবি, বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন, বিশেষজ্ঞ সনদ, নিয়োগ ও যোগদান/সম্মতি পত্র
 - মেডিকেল টেকনোলজিস্টদের নাম, ঠিকানা, ছবি, রেজিস্ট্রেশন সনদ, নিয়োগ ও যোগদান পত্র
 - পরিচ্ছন্ন কর্মীদের নাম, ঠিকানা, ছবি, শিক্ষাগত যোগ্যতা, নিয়োগ ও যোগদান পত্র ও অভিজ্ঞতা সনদ
 - অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের নাম, ঠিকানা, ছবি, শিক্ষাগত যোগ্যতা, নিয়োগ ও যোগদান পত্র ও অভিজ্ঞতা সনদ